ফাতওয়া নাম্বার:৪৮১ প্রকাশকালঃ১৪-০৮-২০২৪ ইং

মৃতদেহের কতটুকু পাওয়া গেলে তার জানাযার নামায পড়তে হয়?

প্রশ্ন:

মৃতদেহের কতটুকু পাওয়া গেলে তাকে গোসল দেওয়া, জানাযার নামায পড়া ও সুন্নত তরীকায় কাফন-দাফন ইত্যাদি করতে হয়?

-আব্দুল কাদির

উত্তর:

بسم الله الرحمن الرحيم

যদি মৃতদেহের মাথাসহ অর্ধেক পাওয়া যায় বা মাথাছাড়া অর্ধেকের বেশি পাওয়া যায় তাহলে জানাযা পড়বে, গোসল দেবে এবং সুন্নত তরীকায় কাফন-দাফন করবে। মাথা ছাড়া অর্ধেক বা মাথাসহ অর্ধেকের কম পাওয়া গেলে কিংবা শুধু মাথা বা হাত-পা পাওয়া গেলে এর গোসল, জানাযা কিছুই দেবে না। বরং একটি পবিত্র কাপড়ে মুড়িয়ে দাফন করে দিবে। -শরহুস সিয়ারিল কাবীর: ১/২৩৭ (আশ-শারিকাতুশ শারকিয়্যাহ); হালবাতুল মুজাল্লী: ২/৬০৮ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); আল-ফাতাওয়াত তাতারখানিয়া: ৩/৮৬ (যাকারিয়্যা); আল-মাবসুত: ২/৫৪ (দারুল মারেফা); রদ্দুল মুহতার: ২/১৯৯, ২/২০৫ (দারুল ফিকর); খিযানাতুল আকমাল: ১/৭৫ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); আল-বাহরুর রায়েক: ২/১৮৭ (দারুল কিতাবিল ইসলামী); আল-মাওসুআতুল ফিকহিয়্যাহ: ৩৯/৪২২ (ওয়াযারাতুল আওকাফ, কুয়েত); বাদায়েউস সানায়ে: ১/৩০২ (দারুল কুতুব); আল-মুহীতুল বুরহানী: ২/২০২ (দারুল কুতুব); আল-ফাতাওয়াল

হিন্দিয়া: ১/১৫৯ (দারুল ফিকর); হাশিয়াতুত তহতাভী, পৃ: ৫৭৫ (দারুল কুতুব); আল-ফাতাওয়াস সিরাজিয়াহ, পৃ: ১৩৪ (মাকতাবাতুল বুশরা); মাওয়াহিবুর রহমান, পৃ: ২৭৯ (কিতাব নাশিরূন); আল-হাভীল কুদসী: ১/২৬১ (দারুন নাওয়াদের)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০১-০১-১৪৪৫ হি.

০৮-০৭-২০২৪ ঈ.